১০ আগস্ট : ভারতের সঙ্গে শত্রুতা যে পাকিস্তানের কত বড় ‘ কাঁটা’ ফের তার প্রমাণ মিলল। জানা গেল, মাস দুয়েক ভারতের বিমানের জন্য নিজেদের আকাশপথ বন্ধ রাখার খেসারত ভালেই দিতে হয়েছে পড়শি দেশকে। ক্ষতির পরিমাণ ১২৭ কোটি টাকা। এই হিসেবে দিয়েছে খোদ পাকিস্তানের জাতীয় সংসদ। তবে লোকসান সঙ্গেও পাকিস্তানি বিমানবঃ দর কর্তৃপক্ষের সামগ্রিক রাজস্ব ২০১৯ সালে ৫,০৮,০০০ ডলার থেকে বেড়ে ২০২৫ সালে ৭,৬০,০০০ ডলারে দাঁড়িয়েছে বলেই দাবি। ভারত সিদ্ধ চুক্তি বাতিল করেছিল গত ২৬ এপ্রিল। পহেলাগাঁও হামলার পরপরই। এরপরই ২৪ এপ্রিল থেকে ভারতীয় বিমানের জন্য তাদের আকাশপথ ব্যবহার বন্ধ রাখার সিদ্ধান্ত নেয় ইসলামাবাদ। যা অব্যাহত ছিল ৬০ জন পর্যন্ত। পাকিস্তানের প্রতিরক্ষা মন্ত্রকের দাবি, এর ফরে ১০০-১৫০ ভারতীয় বিমানের পরিষেবা ক্ষতিগ্রস্ত হয়েছে। কিন্তু এতে আখেরে নিজের নাক কেটে পরের যাত্রাভঙ্গই করেছে পাকিস্তান। কেননা এর জন্য তাদের হয়েছে বিপুল অক্ষের লোকসান। সব মিলিয়ে ৪.১ বিলিয়ন পাকিস্তানি টাকা। যা ভারতীয় মুদ্রার হিসেবে ১২৭ কোটি টাকা। এর আগে ২০১৯ সালেও একই কাজ করেছিল পাকিস্তান। তখনও তাদের ক্ষতি হয়েছিল ৫৪ মিলিয়ন ডলার। প্রসঙ্গত, পহেলাগাঁওয়ে হামলা চালিয়ে ২৬ জন নিরীহ মানুষকে হত্যা করে পাক মদতপুষ্ট লঙ্ঘর-বাহিনীর জঙ্গি। এই নারকীয় হামলার পালটা দেয় ভারত। ইসলামাবাদের সঙ্গে একাধিক চুক্তি বাতিল করে দেয় নয়াদিল্লি। তাতে সীমান্তে উসকানি দিয়ে টানা ১২ দিন গোলাগুলি চালিয়েছিল। তারই প্রত্যাবাতে গত ৭ মে ভারতীয় সেনাবাহিনী পরিমিত হামলা করে পাকিস্তান ও পাক অধিকৃত কাশ্মীরের জঙ্গি ঘাঁটিগুলি লক্ষ্য করে। যার পোশাকি নাম ‘অপারেশন সিন্দূর’। তাতে ৯টি জঙ্গি শিবির গুঁড়িয়ে যাওয়ার পাশাপাশি প্রায় ১০০ জঙ্গিকে নিক্ষেপ করতে সফল হয় সেনাবাহিনী। ভারতের পাল্টা সামরিক জবাব সামলাতে না পেরে সংঘর্ষবিরতির জন্য কাকূতিমিনতি করেন প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। তাতে রাজি হয় নয়াদিল্লি। আর এই পরিস্থিতিতে পাকিস্তানকে যে হাতের পাশাপাশি ভাতেও মেরেছে ভারত তার প্রমাণ মিলল ফের। ভারতের জন্য নিজেদের আকাশপথ বন্ধ করে নিজেরাই ক্ষতির মুখে পড়ল।

বারাণসীর এক মন্দিরে আরতি চলাকালীন অগ্নিকাণ্ড

বারাণসী, ১০ আগস্ট : উত্তর প্রদেশের বারাণসীর এক মন্দিরে আরতি চলাকালীন অগ্নিকাণ্ড। তার জেরে আহত হয়েছেন ৭ জন। ঘটনাটি ঘটেছে শনিবার রাত্তাে। জানা গেছে, পূজো দিতে গিয়ে আগুনে ঝলসে যান ৭ জন পুণ্যার্থী। শনিবার বারাণসীর আত্মবীরেশ্বর মন্দিরের ঘটনা। দক্ষদের মধ্যে কয়েকজন শিশুও রয়েছে বলে খবর। পুলিশ সূত্রে জানা গিয়েছে, আরতির সময়ে মন্দিরের সাজসজ্জায় হঠাৎ আগুন লাগে। শর্ট সার্কিট কিংবা প্রদীপের আগুন থেকে এই ঘটনা ঘটে থাকতে পারে বলে প্রাথমিক অনুমান। স্থানীয় লোকজনের চেষ্টায় আতন নিয়ন্ত্রণে আসে। আহতদের কাছে একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

ভারতকে বাংলাদেশে পরিণত করতে চান রাহুল গান্ধীঃ নিশিকান্ত

নয়াদিল্লি, ১০ আগস্ট : লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধীর তীব্র সমালোচনা করলেন বিজেপি সাংসদ নিশিকান্ত দুবে। তার অভিযোগ, ভারতকে বাংলাদেশে পরিণত করতে চান রাহুল গান্ধী। বিজেপি সাংসদ নিশিকান্ত দুবে বলেছেন, লোকসভার দলনেতা রাহুল গান্ধী এই দেশকে বাংলাদেশ বানাতে চান। নির্বাচন কমিশন সম্পর্কে তিনি যেভাবে প্রশ্ন তুলেছেন, তাতে তাঁর বুঝতে হবে যে এখানে নির্বাচন বাংলাদেশি ভোটারদের মাধ্যমে পরিচালিত হবে না। রাহুল গান্ধী জানেন না যে, রাজীব গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন, তখন নির্বাচন কমিশনার প্রধানমন্ত্রীর কাফিলে বসতেন। রাহুল গান্ধী সেই বিদেশি শক্তির প্রতিনিধিত্ব করেন যারা প্রধানমন্ত্রী মোদীর মতো শক্তিশালী নেতৃত্ব চান না।

ভদ্রেশ্বরে ঝুলনের মঞ্চে ফিরে দেখা শৈশব



মলয় সূর, ১০ আগস্ট : সোশ্যাল মিডিয়ায় ও হাইটেক এর যুগে অনেকটাই বদলে গিয়েছে শিশুদের বিনোদন। আজকের নতুন প্রজন্মার ঠাকুরমার ঝুলি,আবোল তাবোল, রামায়ণ, মহাভারতের গল্প শুনে চমকিত হয় না। হারিয়ে যাওয়া সেই পুরানো শৈশবের স্মৃতিকে উসকে দিতেই আদিবাসী সম্প্রদায়ের কালচার, তাদের জীবন, জীবিকা সম্পর্কে ধারণা ফুটিয়ে তোলো হয়েছে ভদ্রেশ্বর ডক্টর চট্টচারি চ্যাটার্জি স্টুডি এ ‘ দাস বাড়ির ঝুলন উসবের মঞ্চে অনেকটাই নজর কেড়েছে। ভদ্রেশ্বর ‘ নামাঙ্কিত বাড়ির স্থলে মৃত্যুঞ্জয় দাস পেশায়স্থানীয় স্কুলের ক্লাক। তিনি বলেন, এই ঝুলন উসব ৫৬ তম বর্ষে পদার্পণ করল। এক সময়ে প্রয়াত গৃহকর্তা বলহরি দাস বৃন্দাবন থেকে অষ্টধাতুর রাধা

গোবিন্দ মূর্তি নিয়ে আসেন। সেই মূর্তি শ্রাবণ মাসের একাদশীর দিন ঝুলনের দোলনায় ওঠে এবং ঝুলনের শেষে রাখি পূর্ণিমার দিন নামানো হয়। এখন পরিবারে ৮৫ বছরের গৃহকর্তৃ কমলা দাস দেখাচ্চা করছেন। প্রতিদিন সন্ধ্যায় আরতি, কীর্তন ও ভজন হয়। এই দিনগুলিতে ছোট-বড় সবাই সেখানে ভিড় জমায়। এখনকার বাচ্চারা পড়াশোনার চাপে আনন্দ করতে পারছে না। এবারে নানা ধরনের মাটির পুতুল দিয়ে সাজানো হয়েছে। যা আমাদের মন ভালো করে দেয়। এক কথায় ঝুলন উসব শৈশবের স্মৃতিকে মনে করিয়ে দেয়।

Name Change
I, Shara Begum wife of Ghulam Md Mustafa, residing at 99/2, Pilkhana 2nd Lane, P.S.- Golabari, Howrah-711101, West Bengal, have changed my name and shall henceforth be known as Sitara Begum as declared before the Notary Public at Kolkata dated 08/08/2025. Shara Begum and Sitara Begum both are same and one identical person.

ছত্তিশগড়ে পথ দুর্ঘটনায় মৃত দুই বাইক আরোহী

গৌরেলা, ১০ আগস্ট : ছত্তিশগারে গৌরেলা জেলায় এক পথ দুর্ঘটনায়, মৃত দুই বাইক আরোহী, আহত আরও দুই। ঘটনাটি ঘটেছে, শনিবার রাতে গৌরেলা জেলার বান্ধা মুন্না ব্যারিয়ারের কাছে। পুলিশ সূত্রে জানা গেছে, এদিন রাধি বন্ধন উপলক্ষে বাইকে করে ৪ জন যুবরে বেরিয়েছিল। ফেরার পথে বান্ধা মুন্না ব্যারিয়ারের কাছে বাইকের নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনার কবলে প়াে তারা। ঘটনাস্থলেই মৃত্যু হয় সানি (২৫) ও দুর্গাবতী (২০)-রাখবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে গুরুতর আহত দুই যুবক সুরেশ ও সন্মীকে উদ্ধার করে জেলা হাসপাতালে পাঠায়। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

তেজস্বীর মতো মানুষজন গণতন্ত্রের বিপজ্জনক : বিজয় সিনহা

পাল্টা, ১০ আগস্ট : আরজেডি নেতা তেজস্বী যাদবের তীব্র সমালোচনা করলেন বিহারের উপ-মুখ্যমন্ত্রী বিজয় কুমার সিনহা। তার কথায়, তেজস্বীর মতো মানুষজন গণতন্ত্রের জন্য বিপজ্জনক। রবিবার সকালে এক সাংবাদিক সম্মেলন করে তেজস্বী যাদব বলেন, বিজয় কুমার সিনহার নাম দিয়ে টি এপিএক নম্বর রয়েছে।এই অভিযোগ খন্ডন করে সাংবাদিক সম্মেলনে বিজয় কুমার সিনহা বলেছেন, এই লোকজন সংবিধানে বিশ্বাস করে না এবং সাংবিধানিক প্রতিষ্ঠান সম্পর্কে বিভ্রান্তি ছড়ায়, যা গণতন্ত্রের জন্য বিপদ। সংশোধনের জন্য এক মাসের সময় দেওয়া হয়েছে। সেই সংশোধনীর কারণে, আমরা আমাদের বিএলও-কে অপসারণের জন্য আবার চিঠি লিখেছি।

নাম পরিবর্তন
আমি Soma Roy alias Soma Datta (Roy) (পুরাতন নাম) পিতা Subhash Chandra Datta খানী Sourabh Roy চিকনা Devaloke Heights Flat 4A, 142A Raja S C Mullick Road, Kolkata - 700092, West Bengal India কলকাতায় নোটারি গারলিক Dated 08-08-2025 এর Affidavit no 522025 দ্বারা আমার নাম এখন থেকে Soma Datta (নতুন নাম) নামে পরিচিত হলো। Soma Datta (নতুন নাম) ও Soma Roy, Soma Datta (Roy) (পুরাতন নাম) একই ব্যক্তি।

Name Change
I,SAJJAD HOSSAIN MOLLA son of Late TASADDAQUE HOSSAIN MOLLA, residing at 45,Molla Para Lane,P.O.& P.S.-Shibpur,Dist-Howrah, PIN- 711102,West Bengal.As Per Aadhaar card,Voter card,Ration card , PAN Card &Madhyamik Admit Card my father's name is TASADDAQUE HOS- SAIN MOLLA.My father's name had been recorded as TASADDAQUE HOS- SAIN MOLLA in my passport vide No.N32124522. That TASADDAQUE HOSSAIN MOLLA and TASADDAQUE HOSSAIN MOLLA is same and one identical person vide Affidavit in the court LD.1st Class Judicial Magistrate at Howrah, date- 08/08/2025.

Name Change
I,P.GANESH PATRUDU son of Shankar Rao .residing at - Dhali-para,Haridevpur ,P.O.- R.C Thakurani,Kolkata .PIN -700104,West Bengal.My original and correct name is P.GANESH PATRUDU as per Aadhaar Card being no -3651 1659 2950. My name recorded in my PAN Card as GANESH PATRUDU vide no BRFP5262G .That P.GANESH PATRUDU and GANESH PATRUDU is the same and one identical person vide Affidavit No 17307, LD. 1st Class Magistrate at Alipore, date- 06/08/2025.

Name Change
I, ANKITA ROY (Old Name) W/O HILLLOO MANDAL Residing at Vill-Akaipur, P.S.-Gopal Nagar, District - North 24 Parganas, Pin - 743710 West Bengal, India have changed my name and shall henceforth be known as ANKITA MANDAL (New Name) as declared before the Notary Public Govt of India vide affidavit dated 08-08-2025. ANKITA ROY (Old Name) and ANKITA MANDAL (New Name) both are same and identical person.

Name Change
I, PRABIR RAY and PRABIR ROY (Old Name) S/O BIRINCHI KUMAR RAY Residing at 50/1, Sreema Road, P.O.- Rabindra Nagar, District - North 24 Parganas, Pin - 700065 West Bengal, India have changed my name and shall henceforth be known as PRABIR KUMAR RAY (New Name) as declared before the Notary Public Govt of India vide affidavit dated 08-08-2025. PRABIR RAY and PRABIR ROY (Old Name) and PRABIR KUMAR RAY (New Name) both are same and identical person.

Name Change
I, SURAMA (Old Name) D/O BALAI MUKHERJEE Residing at Yashodhara Chawh D B Pawar Chowk Ramabai Colony, P.O.-Pant Nagar, District - Mumbai, Pin - 400075 Maharashtra, India have changed my name and shall henceforth be known as SURAMA HARISH CHATTERJEE (New Name) as declared before the Ld. 1st Class Judicial Magistrate at Barrackpore vide affidavit no 108 dated 29-07-2025. SURAMA (Old Name) and SURAMA HARISH CHATTERJEE (New Name) both are same and identical person.

Name Change
I, CHATTERJEE RIYA ANIL (Old Name) W/O ANIRBAN KUMAR SAMADDAR Residing at 63, Tarankhat Bazar, P.O.-Bedia Para, P.S.-Nager Bazar, District - Barrackpore, Pin - 700077, West Bengal, India have changed my name and shall henceforth be known as RIYA SAMADDAR (New Name) as declared before the Ld. 1st Class Judicial Magistrate at Barrackpore vide affidavit no 108 dated 29-07-2025. CHATTERJEE RIYANIL (Old Name) and RIYA SAMADDAR (New Name) both are same and identical person.

‘ফুটপাত বদল হয় মধ্যরাতে’ এ কথা জানতেন কবি শক্তি চট্টোপাধ্যায়



কৌশিক দাসঃ ‘ফুটপাত বদল হয় মধ্যরাতে’ এ কথা জানতেন শক্তি চট্টোপাধ্যায়। তা বলে মাঝরাতে ফুটপাথ বদল করতে গিয়েছিলেন কিনা, জানা নেই। তবে মাঝরাতে তাকে কলকাতার ফুটপাথ থেকেই উদ্ধার করেছিলেন এক বাস ড্রাইভার। বাস গ্যারেজ করতে ডিপোতে আসার পথে দেখতে পান শক্তিকে। শক্তি চট্টোপাধ্যায়। জানা কবিতা, অজানা মানুষ। আজও তিনি রূপকথার মতোই মায়াময়। সে সময় তো আর সোশাল মিডিয়া নেই যে, সবাই সবার মুখ চিনেনো। আর টিভির যুগও তেমন পাকেনি। তবু চিনতে করে গেলেন সে ড্রাইভার। কবিতার প্রতি কিছু টানও ছিল তাঁরাফুটপাথ থেকে কবিকে সংঘে বাসে তুলে দোভালা বাস নিয়ে কবির গলির সামনে এসে দাঁড়ালেন সেই ড্রাইভার। চলশক্তিহীন শক্তিকে পরম মতায় পৌঁছে দিয়ে এলেন তাঁর বাড়িতে। বাড়ি তো পৌঁছলেন শক্তি। কিন্তু ঘরে পৌঁছলেন কি? বাইরেই বোধহয় দাঁড়িয়ে ছিলেন অকারণ জেদের সেই অমূল্য মানুষটি। ‘না আর ঘরের মধ্যেই কপালে কি পরেছেযাব না আর ঘরে’। ঘর বন্মানো যে এক কবির পক্ষে কি যন্ত্রণার, তা যারা বসন্ত করেন সে ঘরে, তাঁরা মজ্জায় মজ্জায় জানেন। অকস্ম শক্তির মতো বৈশিষ্যি দুর্মর দুর্গান্ত কবি যদি হন, তবেই পাওনা পুরস্কার ভবিষ্য কিছুই হিসেব করা হয় না য়াঁর। স্বজনরা অভিমান করেন। স্বাভাবিক। দায় পালন করতে না পারার অভিমান।

উত্তর-পূর্ব রেল পরিচ্ছন্নতার অঙ্গীকারের মাধ্যমে দেশের স্বাধীনতা উদযাপন করছে

গোরখপুর, ১০ আগস্ট : রেল প্রশাসন পরিচ্ছন্নতার অঙ্গীকারের মাধ্যমে দেশের স্বাধীনতা উন্যাপন করছে। ভারতীয় রেলওয়েতে উদ্‌যাপিত স্বচ্ছতা পশোয়াড়ার প্রথম পর্যায়ের দশম দিনে, উত্তর-পূর্ব রেলওয়ের লখনউ, বারাণসী এবং ইজ্ঞতনগর বিভাগে অনেক পরিচ্ছন্নতা সম্পর্কিত কর্মসূচির আয়োজন করা হয়েছিল। এই অভিনব রেলওয়ের কার্যক্রমের সমস্ত ক্ষেত্রে যেমন স্টেশন, ট্রেন, কলোনি, অফিস, ডিপো এবং কারখানা ইত্যাদিতে পরিচ্ছন্নতার প্রতি আমাদের প্রচেষ্টাকে অর্থবহ করে তুলবে এবং রেলকর্মী এবং যাত্রীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করবে।একই ধারাবাহিকতায়, ১০ আগস্ট, ২০২৫ তারিখে, লখনউ বিভাগে, গোরখপুর, বস্তি, খলিলাবাদ, গোস্তা, অহিশবাগ এবং লখনউ জংশন স্টেশনগুলিতে একটি পরিচ্ছন্নতা অভিযান পরিচালিত হয়েছিল, যার অধীনে স্টেশনগুলিতে কর্মরত স্বাস্থ্য পরিদর্শকরা, স্টেশনে কর্মরত চুক্তিভিত্তিক কর্মচারী এবং রেলওয়ে কর্মচারীদের সাথে, পরিচ্ছন্নতা সম্পর্কিত স্লোগান, পোস্টার এবং ব্যানার সহ একটি জনসচেতনতামূলক র‍্যালি বের করেছিলেন। বস্তি স্টেশনে নিবিড় পরিচ্ছন্নতা করা হয়েছিল।বারাণসী বিভাগের ছাপড়া স্টেশনে সাফাই মিত্রদের জন্য একটি ‘ পরীক্ষা শিবির’ আয়োজন করা হয়েছিল। সমস্ত প্রধান স্টেশনে সাফাই মিত্রদের জন্য একটি ‘ কর্মশালা’ আয়োজন করা হয়েছিল। একটি পরিষ্কার খাদ্য কর্মসূচিও আয়োজন করা হয়েছিল। স্টেশন এবং ডিভিশনের অফিসগুলিতে প্রভাতফেরি এবং পথনাটক পরিবেশনের মাধ্যমে যাত্রী এবং রেল কর্মীদের পরিষ্কার-পরিচ্ছন্নতা সম্পর্কে সচেতন করা হয়েছিল।

নববারাকপুর শতদল অ্যাথলেটিক ক্লাবের উদ্যোগে কৃতী সংবর্ধনা

নববারাকপুর,১০ নববারাকপুরের বহুমুখী সামাজিক, সেবা, ক্রীড়া ও সাংস্কৃতিক সংগঠন শতদল অ্যাথলেটিক ক্লাবের উদ্যোগে রবিবার নিজস্ব সংঘ প্রাঙ্গণে হল পুরসভার ৭ ও ৮ নং ওয়ার্ডের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে কৃতি ছাত্র ছাত্রীদের উসাহ প্রদানে সংবর্ধনা ও সংঘের প্রয়াত সদস্যদের স্মরণ সভাহয়। কৃতী পড়ুয়াদের সংবর্ধনা ও মানবিক দান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পুরসভাবর উপপুরপ্রাধান স্বপ্না বিশ্বাস, স্থানীয় পূর্ব প্রতিনিধি জয়গোপাল ভট্টাচার্য, শোভা রায়, জনপ্রিয় চিকিসক ডাঃ নিতাই পদ রায়, ডাঃ অর্ণব রায়, নববারাকপুর থানার আইসি সুমিত কুমার বেন্দ্য সহ সংঘের কবিতা ও নবীন সদস্যরা মহিলা বৃন্দ। অনুষ্ঠানে থানার আইসি স্বরাজিত কবিতা পাঠ করেন। চিকিসক ডাঃ নিতাই পদ রায় খালি গল্পটি রুট দীপ্তির সঙ্গীত পরিবেশন করেন।অনুষ্ঠান সম্বলানরা দায়িত্বে ছিলেন শিক্ষক অন্মন দাশগুপ্ত। কৃতী পড়ুয়াদের গোলাপ ফুল, স্মারক, গল্পের বই, কলম মিষ্টি দিয়ে সম্মানিত করা হয়। কৃতী পড়ুয়ারা তারা তাদের নিজস্ব চরমপট্যটির অভিজ্ঞতার কথা ভুলে ধরে সংগঠনের মানবিক উদ্যোগের ভূয়শি প্রশংসা করেন ।

পাট শিল্পকে পুনর্জীবিত করার বার্তা নিয়েই খুটি পুজোর মাধ্যমে ৮০ তম বর্ষের পুজোর সূচনা



দূরন্ত বার্তা, কলকাতা, ১০ আগস্ট : পাট শিল্পকে পুনর্জীবিত করার বার্তা নিয়েই খুটি পুজোর মাধ্যমে ৮০ তম বর্ষের পুজোর সূচনা নব্বীপের দেয়ারাপাড়া সার্বজনীন দুর্গোৎসব পুজা কমিটি। শহরের অন্যতম প্রাচীন ও ঐতিহ্য বাহী পুজোগুলোর মধ্যে এটি একটি, বিগত দিনে একাধিক বার কখনো মস্তন সজ্জায় কখনো প্রত্নিময় জেলার মধ্যে সেরার পুরস্কার জিতেছে এই পুজো কমিটি, পাশাপাশি রাজ্য সরকারের সেরা পুজোর পুরস্কারও পেয়েছে এই পুজো কমিটি। রবিবার খুঁটি পুজোর মাধ্যমে এবছরের পুজোর সূচনা হয়, পুজো কমিটি সদস্য সৌমকান্ত ভট্টাচার্য জানান এবছর তাদের পুজো ৮০ তম বর্ষে পদার্পন করলে, এবছর তাদের থিমে ভাবনা শিল্প যোথানে পথ দেখায়। তিনি বলেন রাজ্যে বিলুপ্তের পথে পাট শিল্প, সেই পাট শিল্পকে পুনর্জিবিত করার বার্তা নিয়েই তাদের এই ভাবনা, মস্তপের সাথে সামঞ্জস্য রেখেই হচ্ছে প্রতিমাও, পাশাপাশি পুজোর অনুদান বৃদ্ধি করার জন্য পুজো কমিটির তরফে মূখ্য মন্ত্রীকে ধন্যবাদও জানানো হয়। মোটের

তৎকালীন কবিরা। আর শ্যামল গঙ্গোপাধ্যায় তো ইচ্ছে করে দুইমি করতেন, ‘স্বাভী তুমি কি আমার একবারটি চুমু খেতে দেবে?’ বন্ধুদের মধ্যে এ সবই নির্দোষ মজা। শক্তির কিন্তু মেয়েদের নিয়ে এই ব্যাপারটা কখনও ছিল না বলে জানিয়েছিলেন সুনীল গঙ্গোপাধ্যায়। শক্তি চট্টোপাধ্যায়ের স্ত্রীর বয়ানে, আমার বরং ওঁকে দেখে কেমন মায়। হতো! মায়েরের যেমন সবচেয়ে দুষ্ট ছেলোটার ওপরে বাড়তি স্নেহ থাকে। আমার মনে হয়, মদ খেলে সুনীল খানিকটা বেশি ‘হোশ্বন্ত করতে পারত। চট করে অতটা বেসামাল হতো না। হলেও চুপচাপ থাকত। শক্তি তুলনায় বেশি হইচই করতেন। হয়তো একটু বেশি তাড়াতাড়ি অনেকটা খেয়ে ফেললেন! তার পর কয়েক বার বললেন, ‘ শক্তি চট্টোপাধ্যায়!’ কিংবা হয়তো নিজদের মধ্যে একটু গালাগাল করলেন। সুনীলকে দু’-একবার দেখেছি, এই সময়ে ওঁকে সামলাচ্ছে, ‘ উ-ছ এখানে কিন্তু এ সব কথাবার্তা হয় না।’ প্রথম প্রথম লোকটাকে নিয়ে আমার একটু জড়তা ছিল। শক্তিকে একটু ভয়-ভয়ও করত। কিন্তু ক্রমশ সে-সব কেটে গিয়েছিল। তখন মনে হতো, যাই একটু মাখায় হাত বুলিয়ে দিই, কয়েক বার দিয়েওছি! বলেছি, ‘ আপনারা পারেনও! কেন এত খান?‘ কী যে করেন! ‘শক্তি চট্টোপাধ্যায় বলতে তো কবি শক্তি চট্টোপাধ্যায় বা সুনীলের বন্ধু শক্তি চট্টোপাধ্যায়- যা-ই হোক, আমার কাছে শুধুই কিছু সুস্মৃতি। শক্তি আর শঙ্খ ঘোষের কবিতা পড়া আমার বিশেষ প্রিয়। শক্তির খোলা গলায় কবিতা পড়ার মধ্যে একটা নিজস্বতা ছিল। ‘ফুটপাত বদল হয় মধ্যরাতে’ বা ‘অবনী বাড়ি আছে’ তো শক্তির সিগনেচার কবিতা। আমার কিন্তু ‘ওই বাঘটা’ও বড্ড প্রিয়...সেই যে ‘ভালোবাসার বাঘ বেরোল বনে’! তবে কবিতার

প্রতীক্ষার অবসান, প্রথম বাতানুকূল লোকাল ট্রেনের সূচনা শিয়ালদহে

কলকাতা, ১০ আগস্ট : রাজ্যে বাতানুকূল ইএমইউ ট্রেনের শুভসূচনা হয়ে গেল। যাত্রীদের



সুবিধার্থে নতুন ভ্রমণ অভিজ্ঞতার সূচনা হল। শিয়ালদহ রেল স্টেশনের ১২ নম্বর প্ল্যাটফর্ম সংলগ্ন মধ্যে এক অনুষ্ঠানের মাধ্যমেই রবিবার যাত্রার উদ্বোধন হয়েছে। দুই কেন্দ্রীয় মন্ত্রী



কর্তৃপক্ষের তরফ থেকে জানা গিয়েছে বাঁধ এলাকায় গঙ্গা নদীর বিপদশীমা ২২.২.৫ মিটার। রবিবার সকালে গঙ্গার ‘আপ স্টিম’ে অর্থাৎ ব্যাডখণ্ডের দিকে গঙ্গা ২৬.৪০মিটার উচ্চতায় বইছে এবং ‘ডাউন স্টিমে’ গঙ্গা ২৬.৪৮ মিটার উচ্চতায় বইছে।বাঁধ প্রকল্প সূত্রের খবর ব্যাডখন্ড থেকে বিপুল পরিমাণ জলপ্রবাহ ব্যারেজের দিকে বয়ে আসতে শুরু করায় প্রকল্পের বেশিরভাগ গেট রবিবার সকাল থেকে খুলে দেওয়া হয়েছে। আজ সকাল থেকে সেখানে ১৪.৫ লক্ষ কিউসেক হারে জল ছাড়া হচ্ছে। প্রসঙ্গত গঙ্গা নদী ব্যাডখণ্ড থেকে মুর্শিদাবাদ জলপ্রবাহ প্রবাহিত হয়ে আসার পর ফরাঙ্কা ব্যারেজ কর্তৃপক্ষ বাংলাদেশের দিকে এই নদীর জল প্রবাহের মাত্রা নিয়ন্ত্রণ করো। কিন্তু যে বিপুল পরিমাণ জলরাশি এই মুহূর্তে ‘আপ স্টিম’ থেকে বয়ে ব্যারেজের দিকে আসছে তা আটকে রাখার ক্ষমতা ব্যারেজ কর্তৃপক্ষ নেই। জলের চাপ বেশি বাড়লে ব্যারেজ ভেঙেও পর্বন্ত যেতে পারে। সূত্রের খবর, সেই কারণে গত প্রায় ১৫ দিনের মধ্যে সর্বাধিক হারে ব্যারেজ কর্তৃপক্ষ জল ছাড়তে শুরু করে দিয়েছে। জেলা প্রশাসন সূত্রের খবর ফরাঙ্কা ব্যারেজ কর্তৃপক্ষ বিপুল পরিমাণ জল ছাড়তে শুরু করায়

মেট্রো নতুন পরিষেবা চালু করবে

কলকাতা, ১০ আগস্ট : মেট্রো যাত্রীদের জন্য সুখবর! প্রিন লাইন-১, প্রিন লাইন-২ এবং পার্পল লাইন মেট্রো পরিষেবা ১১.০৮.২০২৫ (সোমবার) থেকে আবারও বৃদ্ধি পাচ্ছে।যাত্রীদের চাহিদা মেটাতে, মেট্রো রেল কর্তৃপক্ষ প্রিন লাইন-১, প্রিন লাইন-২ এবং পার্পল লাইনে মেট্রো পরিষেবা এবং পরিষেবার সময় বাড়াতে চলেছে।প্রিন লাইন-১এই প্রান্তে মোট ১০৮টি পরিষেবা (৫৪টি আপ ৫৪টি ডেন) পরিচালিত হবে। বর্তমানে, প্রিন লাইন-১-এ সোমবার থেকে শনিবার পর্যন্ত প্রতিদিন ১০৬টি পরিষেবা (৫৬টি আপ ৫০ ডেন) পরিচালিত হচ্ছে। এই করিডোরে পরিষেবার সময় ০৬.৫৫ থেকে ২২৩০ টার পরিবর্তে ০৬.৩৫ থেকে ২২,০০ টার মধ্যে বৃদ্ধি পাবে।প্রথম পরিষেবা শিয়ালদহ থেকে সল্টলেক স্টেশন ৫ পর্যন্ত ০৬,৩৫ টার পরিবর্তে (০৬,৫৫ টার পরিবর্তে)সল্টলেক স্টেশন ৫ থেকে শিয়ালদহ পর্যন্ত ০৬,৪০ টার পরিবর্তে (০৭,০০ টার পরিবর্তে)শেষ পরিষেবাশিয়ালদহ থেকে সল্টলেক স্টেশন ৫ পর্যন্ত ০২,,৩৫ টার সময়ে (কোনও পরিবর্তন নেই)সল্টলেক স্টেশন ৬ থেকে শিয়ালদহ পর্যন্ত ।

আরামবাগে ভাঙল সেতুর একাংশ

আরামবাগ, ১০ আগস্ট : আরামবাগে দ্বারকেশ্বর নদের উপর ভেঙে পড়ল ব্যস্ততা রামকৃষ্ণ সেতুর রেলিংয়ের একাংশ। ঘটনাটি ঘটেছে শনিবার গভীর রাতে। খবর পাওয়ার সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ। ভাঙা অংশটুকু ব্যারিকেড দিয়ে ঘিরে দিয়েছে পুলিশ। এই রামকৃষ্ণ সেতু বাকুড়া, পূর্ব বর্ধমান, পুরুলিা-সহ ৫টি জেলার যোগাযোগের অন্যতম প্রধান মাধ্যম। প্রতিদিন প্রচুর বাস থেকে শুরু করে পণ্যবাহী ট্রাক চলে। এছাড়াও বাইক ও ছোট গাড়িতো আছে।। সেহুটি ভেঙে পড়লে যোগাযোগ ব্যবস্থার অনেকটা ক্ষতি হবে বলে অনুমান স্থানীয়দের। ঘটনায় আতঙ্কিত বাসিন্দারা।

যাত্রীবাহী চলন্ত বাসে আচমকা আগুন! বিমানবন্দরের কাছে দুর্ঘটনায় আতঙ্ক

দূরন্ত বার্তা, দমদম, ১০ আগস্ট : ছুটির দিনে যাত্রীবাহী চলন্ত সরকারি বাসে আচমকা অগ্নিকাণ্ড! কলকাতা বিমানবন্দরের কাছে এই দুর্ঘটনায় তীব্র আতঙ্ক ছড়িয়েছে। জানা গিয়েছে, আগুনে পুরোপুরি ক্ষতিগ্রস্ত ওই সরকারি এসি বাসটি। তবে হতাহতের কোনও খবর নেই এখনও। দুর্ঘটনার সঙ্গে সঙ্গে দমকল ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। তুমুল আতঙ্ক ছড়িয়েছে যাত্রীদের মধ্যে। কীভাবে আগুন লাগল চলন্ত বাসে, তা এখনও বোঝা যায়নি বলে জানায় দমকল বিভাগ। তদন্তে নেমেছে পুলিশ।


রবিবার ঘড়িতে সময় তখন প্রায় ১২টা ছুইছুই। দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ থকিমের একটি বাস, বাসসত থেকে গড়িয়া রুটে যাচ্ছিল। বাসে ২৫ থেকে ৩০ জন যাত্রী ছিলেন। কলকাতার দিকে আসার সময়ে এয়ারপোর্ট হোটেল ক্রসিংয়ের কাছে আচমকাই ঘটে দুর্ঘটনাটি। দাউদাউ করে আগুন জ্বলে ওঠে বাসে। সঙ্গে সঙ্গে যাত্রীদের নামিয়ে বাস খালি করে দেওয়া হয়। খবর



করে। কিছুক্ষণের মধ্যে আগুন নিতে যায়। তবে অগ্নিকাণ্ডের জেরে বাসের সম্পূর্ণ ক্ষতি হয়েছে বলে জানান দমকল অধিকারিকরা। কীভাবে চলন্ত এসি বাসটিতে আগুন লাগল, সে বিষয়ে এখনও অন্ধকারে। বিমানবন্দর থানার পুলিশ ও দমকল। তবে প্রাথমিক অনুমান, শর্ট সার্কিট থেকে অগ্নিকাণ্ড হতে

এসি লোকালে সুকান্তকে ‘জয় বাংলা’ স্লোগান,দমদম স্টেশনের বাইরে চরম উত্তেজনা

দূরন্ত বার্তা, কলকাতা, ১০ আগস্ট : এসি লোকালের উদ্বোধনের দিনও সংঘর্ষে জড়াল তৃণমূল-বিজেপি। রবিবার দমদম স্টেশনে এসি লোকাল থেকে নামতেই বিজেপি সাংসদ সুকান্ত মজুমদার ও তাঁর অনুগামীদের উদ্দেশে ‘জয় বাংলা’ স্লোগান ওঠে। তার জেরে স্টেশনের বাইরে শোরগোল শুরু হয়। বিজেপি পালাটা অভিযোগ করে যে স্টেশনের বাইরে জমায়েত করা তৃণমূল শ্রমিক সংগঠনের নেতা, কর্মীরা মহিলাদের সঙ্গে অভব্য আচরণ করেন। তার জেরে দু’পক্ষের মধ্যে রীতিমতো হাতাহাতি শুরু হয়। তুমুল উত্তেজনার পরিস্ଥିতি তৈরি হয়ওয়ায় রেল পুলিশ ঘটনাস্থলে গিয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে। রবিবার রানাসাট-শিয়ালদহ এসি লোকালের উদ্বোধন হয়েছে। এমন ঐতিহাসিক মুহূর্তের সাক্ষী থাকতে



শিয়ালদহ স্টেশনে হাজির ছিলেন রাজ্য বিজেপি সভাপতি শ্রীক ভট্টাচার্য, সাংসদ সুকান্ত মজুমদার, জগন্নাথ সরকার, শান্তনু ঠাকুররা। এসি ট্রেনে সওয়ার হল সুকান্ত মজুমদার। তাঁর সঙ্গে ছিলেন দলীয় কর্মী, সমর্থকরা। দুপুর ১২টা নাগাদ ট্রেন উদ্বোধনের পর তাতে চড়ে শিয়ালদহ থেকে দমদম পর্যন্ত আসেন তাঁরা। সুকান্ত ও অন্যান্য বিজেপি কর্মীরা দমদমে নেমে স্টেশনের বাইরে আসেন। সেখানে স্বামী বিবেকানন্দর মূর্তিতে মালা দিতে যান

দলের সাথে কথা বলে যা বলার বলব সাংবাদিকদের-মহিম রায়

শিল্পী দত্ত কোচবিহার ১০ আগষ্টঃ ডাইয়াগুডি তৃণমূল কংগ্রেসের প্রধানের হেলেকে গতকালে দিনে দুপুরে ডোডেয়ার হাটে গুলিবিদ্ধকর একদল দুষ্টুতা ঘটনাস্থলেই মৃত্যু হয় তা ইতিমধ্যে তা নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক তরঙ্গ। গতকালের পর রবিবার সকাল থেকে ডাইয়াগুন্ডি এলাকায় দোকানপাট ছিট বাজার ছিল সব বন্ধ মতোয়ান ছিল বিরাট পুলিশ বাহিনী। থমথমে ছিল তার বাড়ির পরিবেশ। যদিও সাংবাদিকদের মুখোমুখি হয়ে অমর রায়ের বাবা মহিম রায় বলেন – গতকাল প্রথমে আমি স্তনতে পাইলেই ঘটনার কথা তারপর আমি যেতে চাইলেও আমাকে যেতে দেওয়া হয়নি যদিও পরবর্তীতে খবর আসে আমার হেলেকে গুলি করা হয়েছে। এর পিছনে তাহলে কি বিজেপির রয়েছে এ প্রশ্নের উত্তরে অবশ্য তিনি বলেন – কারা রয়েছে এখনও বলা যাবেনা তবে দলের কোন অংশ থাকলে থাকতে পারে অর্থা গোষ্ঠী কেন্দ্রল থাকতে পারে অথবা বিজেপি আশ্রিত দুষ্কৃতীরাও এই ঘটনা ঘটাতে পারে বলে তিনি মত প্রকাশ করেন যদিও তিনি বলেন দলের সাথে কথা বলবে তারপরে যা জানানোর জানানো। তবে কিছুটা খুবই সুরি তিনি বলেন এর আগে এখন তার স্ত্রী ডোটেই দাঁড়িয়েছিল তখন দলেরই বেশ কিছু পুরনো

E TENDER NOTICE
Online bids are invited the year 2025-26 from bonafied contractors for listed work from 15th CFC untied fund 2025- 26 in re-spect of tender id- (1) 2025_ZPHD 889333 (1) ii) 2025_ZPH_ 889329 (1 to 4) last date of dropping tender 18.08.2025 upto 12 pm. Opening date - 20.08.2025 at 12 pm. For details information contact to the undersigned. Sd/- prodhan Kusumgram Gram Panchayet
এমটিএজ আলি লস্কর মহাশয় ইংরেজীর ২৯.১২.২০২২ তারিখে সাদাম হোসেন মাল্লিক দীর্ঘ মহশয়ানকে ৭৬৯১ নং ও মনোত্রাজ আলি লস্কর মহাশয় ইংরেজীর ১৬.১২.২০২২ তারিখে শাহেন্সা মোল্লা মহাশয়কে ৭৪৪১ নং পাওয়ার দলিল রেজিস্ট্রি করিয়াছেন হাওড়ার ডি. এস. আর-১ রেজিস্ট্রি অফিসে, ও মোকত্তারা কোম দীং মহশয়গান ইংরেজীর ২৯.১২.২০২২ তারিখে হামিদ সর্দার মহশয়কে ৪৫৩৫ নং এবং মোসতারি কোম দীং মহশয়গান ইংরেজীর ২০.০৩.২০২১ তারিখে ওরাদে হোসৈন মাল্লিক মহাশয়কে ২৫১৯ নং পাওয়ার দলিল রেজিস্ট্রি করিয়াছেন হাওড়ার এ্যা. ডি. এন্স. আর. রেজিস্ট্রি অফিসে, কংপসে, সল্ক্য আমদোবোর মহশয়গান ইংরেজীর ০৩.০৪.২০২৪ তারিখে জেবাস পাণ্ডাচাঁ লস্কর মহশয়াকে ৬৫১৭ নং এবং সাহিল আফ্রিন লস্কর মহশয়কে ৬৫১৫ নং দলিল রেজিস্ট্রি করিয়াছেন হাওড়ার এ্যা. ডি. এন্স. আর. রেজিস্ট্রি অফিসে, বর্তমানে এই দলিল বসল সাদাম মাল্লিক মহশয় ১২৬৯ নং দলিল রেজিস্ট্রি করিয়াছেন ইংরেজীর ২৭.১১.২০২৪ তারিখে হাওড়ার এ্যা. ডি. এন্স. আর. রেজিস্ট্রি অফিসে, এখন নান খালিজ কারার জন্য আবেদন করিয়াছেন, যদি কোনো ব্যক্তিরা এই দলিলের ব্যাপারে কোনো অভিযোগ থাকে তাহলে বালী-জগন্নাথ ভূমি দপ্তর অফিসে যোগাযোগ করিবেন। মোজা- একসার, ডে. এল.- ০৪ হাল দাগ নং-৮৭৮।

‘কামব্যাক’ সফরে হেটেছেন ‘ব্যাকগিয়ারে’! দুঃস্বপ্নের সিরিজ নিয়ে কী জানালেন করুণ নায়ার?

বেঙ্গালুরু, ১০ আগস্ট: আট বছর বাদে জাতীয় দলে প্রত্যাবর্তন। ব্যাকড্রপে ঘরোয়া ক্রিকেটে গাদাখানেক রান, নিরবচ্ছিন্ন কর্ম, অটুট ধারাবাহিকতা, কাউন্টি ক্রিকেটে পাকানো হাত এবং অবশ্যই মানসিক শিমে। প্রকৃতি মাঠে ইংল্যান্ড লায়সের বিরুদ্ধে যখন বিশতরান করলেন, সবাই ভেবেছিল এজবাস্টন কি লর্ডসেও একই ধার, একই ঝলক দেখাবেন করুণ নায়ার! কিন্তু কার্যক্ষেত্রে সেটা হয়নি। সিরিজজুড়ে সুযোগ পেয়েছেন। সেভাবে রান পাননি, ব্যাক পেয়েছেন, ফের জায়গা করে নিয়েছেন। কিন্তু যে প্রত্যাশার ফানুস উড়েছিল, তা রাতারাতি গায়েব! সমর্থকদের সমানুভূতি বদলে গিয়েছে বিরক্তির! পাঁচ ম্যাচের সিরিজে একমাত্র অর্ধশতক এল শেষ টেস্টের প্রথম ইনিংসে, লডনের ওভালে। দ্বিতীয় ইনিংসে ফের নিশ্চেষ্ট। সেই ম্যাচটাই ছিল করুণের ‘কমব্যাক’ সফরের একমাত্র উজ্জ্বল মুহূর্ত। ব্যতিক্রমও বটে! ঘরে-বাহিরে সমালোচনায় যখন বিক্র হচ্চেন, জল্পনা উঠছে-হ্যাডো-বা জাতীয় দলের হয়ে শেষবার জার্সি গায়ে চড়ালেন, ঠিক তখনই, সিরিজ শেষে নিজের হতাশা এতটুকু আড়ল করলেন না করুণ। ইএসপিএনক্রিকইনফোকে দেওয়া সাক্ষাৎকারে তিনি অকপটে বললেন, “ওভালে যে শুকুটা



করেছিলাম, সেটাকে সেধুর্গিতে রূপ দিতে না পারায় আমি হতাশ। তবে পিছনে তাকিয়ে দেখলে মনে হয়, প্রথম দিনের পরিস্থিতি দলের জন্য বেশ কঠিন ছিল। সেখানে ধীরে ধীরে সেট হয়ে রান করাটা জরুরি হয়ে দাঁড়ায়। আগে এখানে ভালো খেলেছি। নর্থাম্পটনশায়ারের হয়ে সারে-র বিরুদ্ধে ১৫০ করেছিলাম। কিছুটা স্নায়ুর চাপ থাকলেও শরীরে উদ্যম ছিল। ভেবেছিলাম শতরান আসবে। সেটা হয়নি!” সেধুর্গির পাননি করুণ। সিরিজও জিতে ফেরেনি ভারত, ২-২ সমতায় শেষ হয়েছে। ব্যক্তিগত মিশন অধরা থাকলেও তাঁর নিমোহি বিশ্লেষণ, “এটা ছিল ওটা-নামার সিরিজ। নিজেকে নিয়ে অনেক ভেবেছি। কিন্তু সেটা হয়ে গেছে, সেটা ছেড়ে সামনের দিকে তাকানো প্রয়োজন। আগামী কয়েক মাসে কী করতে হবে, তার প্রকৃতি নিছি। যে স্তরেই খেলি না কেন, মনোযোগ ধরে রেখে বড় রান করতে হবে।” আপাতত জাতীয় দলের বেলা নেই। করুণের লক্ষ্য ঘরোয়া ক্রিকেট, আসন্ন মহারাজা ট্রফি। মাইসোর ওয়ারিয়র্সের হয়ে খেতাব ধরে রাখাই পরবর্তী চ্যালেঞ্জ।

অভিমন্যু ঈশ্বরণকে নিয়ে এ বার ব্যাট ধরলেন সৌরভ

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ আগস্ট: সৌরভ গঙ্গোপাধ্যায় পরবর্তী সময়ে বাংলা থেকে দীর্ঘ সময় আন্তর্জাতিক ক্রিকেটে খেলার সুযোগ হাতে গোনা কয়েকজনই পেয়েছেন। যদি বলা যায়, সৌরভের পর দীর্ঘ সময় কে খেলেছেন? নাম আসবে ঋদ্ধিমান সাহা। টেস্ট টিমে একটা সময় বড় ভরসা ছিল ঋদ্ধিমান সাহার গ্লাভস। ব্যাট হাতেও ভরসা দিয়েছেন। এরপর বাংলার ক্রিকেটারদের মধ্যে মুকেশ কুমার, আকাশ দীপরা খেলেছেন। আর এক জন ওয়েস্ট ইন্ডিজের হয়ে গিয়েছেন। সদ্য ইংল্যান্ড সফর শেষ হয়েছে ভারতীয় দলের। একবারিক তরুণ ক্রিকেটার সুযোগ পেয়েছেন। তেমনই দীর্ঘ আট বছর পর টেস্ট ক্রিকেটে প্রত্যাবর্তন করা করুণ নায়ারও। কিন্তু ওয়েস্ট ইন্ডিজের হয়ে গিয়েছেন বাংলার অভিমন্যু ঈশ্বরণ। প্রথম শ্রেনির ক্রিকেটে ধারাবাহিক পারফরম্যান্স। দীর্ঘ কয়েক বছর ধরে ভারত এ দলে খেলেছেন, নেতৃত্বও দিয়েছেন। বছর চারেক হয়ে গেল টেস্ট স্কোয়াডে ডাক পাচ্ছেন। কিন্তু খেলার আর সুযোগ পাচ্ছেন না। ইংল্যান্ড সফরের আগে টেস্ট ক্রিকেটকে বিদায়




জানিয়েছিলেন বিরাট, রোহিত। মনে করা হয়েছিল, এ বার অন্তত সুযোগ মিলবে অভিমন্যুর। তা আর হয়নি। অভিমন্যুর বাবা রঙ্গনাথন একটি সাক্ষাৎকারে বলেছেন, গম্ভীর নাকি আশুপ্ত করেছেন, সুযোগ পাবেন অভিমন্যু এবং সেটা দীর্ঘ সুযোগই হবে। এ বার অভিমন্যুর হয়ে ব্যাট ধরলেন ভারতীয় ক্রিকেটের অধিনায়ক সৌরভ গঙ্গোপাধ্যায়। শহরে একটি অনুষ্ঠানে বাংলার ব্যাটার অভিমন্যুকে নিয়ে সৌরভ বলেন, “ওর অবশ্যই সুযোগ পাওয়া উচিত। টিমে অনেকজন ভালো প্রেয়ার থাকলে সুযোগ পেয়ে ওঠে না। আমি এখনও মনে করি একটা ব্যাটিং স্ট্রট খালি আছে। তিন নম্বর জায়গা খালি। সুযোগ পেলে যেন বাকিদের মতো লম্বা রান পায়। অপেক্ষা করতে হবে।” ইংল্যান্ড সফরে শুভমন গিল চারে ব্যাট করায় মনে করা হয়েছিল তিনি অভিমন্যুই খেলবেন। কিন্তু প্রথম বার ডাক পাওয়া সহি সুদর্শনকে খেলানো হলেও অভিমন্যু অপেক্ষাতেই রয়ে গিয়েছেন।

বাঁচানোর আর্জি মহামেডানকে, মুখ্যমন্ত্রীকে স্মারকলিপি দিল সমর্থকরা

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ আগস্ট: শতাব্দী প্রাচীন ক্লাব, সৌরভময় ইতিহাস। অথচ বর্তমানে আর্থিক সঙ্কটে দিশেহারা মহামেডান স্পোর্টিং। ক্লাবের প্রশাসনিক এবং বিনিয়োগ সংক্রান্ত টানাপোড়েন যেন সাপা-কালো সমর্থকদের কপালে চিত্তার ভাঁজ ফেলেছে আরও গভীরভাবে। ইনভেস্টর সংকট দীর্ঘায়িত হওয়ায় ক্লাবের ভবিষ্যৎ নিয়ে সংশয় ভুগছে গোটা মহামেডান পরিবার। এই পরিস্থিতিতেই এবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের হারস্ব হলেন মহামেডান সমর্থকদের এক প্রতিনিধি দল। রবিবার সকালে মহামেডান ক্লাবের সমর্থকদের এক যৌথ মঞ্চের প্রতিনিধিরা নবান্নে পৌঁছে মুখ্যমন্ত্রীর মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করেন বলে জানা গিয়েছে। বর্তমানে ক্লাবের ফুটবলারদের বেতন বকেয়া এবং ইনভেস্টরদের দ্বন্দ্বের বিষয়গুলি তুলে ধরা হয় মুখ্যমন্ত্রীর সামনে। এক লিখিত স্মারকলিপি মুখ্যমন্ত্রীর হাতে তুলে দেন সমর্থকরা। স্মারক খবর, মুখ্যমন্ত্রী মন দিয়ে গোটা বিষয়টি শোনেন এবং পরিস্থিতি খতিয়ে দেখে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আশ্বাস দেন। মুখ্যমন্ত্রীর এই সাড়া আশার আলো দেখাচ্ছে সাদা-কালো শিবিরের হাজার হাজার অনুরাগীর চোখে। গত কয়েক মাস ধরেই গভীর আর্থিক সঙ্কটের শস্যভূমি মহামেডান স্পোর্টিং ক্লাব। ইনভেস্টর সংস্থা ‘শ্রাচি’ শেয়ার হস্তান্তর না হওয়ায় তাদের বিনিয়োগ স্থগিত রেখেছে। অন্যদিকে, অপর

ইনভেস্টর ‘বান্ধারহিল’ ও স্পন্সর জানিয়ে দিয়েছে, বর্তমান অবস্থার মধ্যে তারা আর ক্লাবে অর্থ ঢালবে না। ফলে কার্যত কোনও রকমের আর্থিক সাপোর্ট পাচ্ছে না ক্লাবটি। এহেন জটিল পরিস্থিতিতে দীর্ঘদিন ধরে ফুটবলারদের বেতন বন্ধ রয়েছে। দিন দিন অসন্তোষ বেড়েছে দলে। শেষমেশ ফুটবলাররা প্রতিবাদে অনুশীলন বয়কট করেছেন। যার প্রভাব সরাসরি পড়েছে ক্লাবের পারফরম্যান্সে। চলতি মরসুমে ডুরান্ড কাপ এবং কলকাতা লিগ টুর্নামেন্টেই হতাশাজনক পারফরম্যান্স করেছে মহামেডান স্পোর্টিং। সমর্থকদের একাংশ জানান, মোহনবাগান এবং



ইস্টবেঙ্গলের মতো ক্লাবগুলো মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে নতুন দিশ পেয়েছে। মহামেডান স্পোর্টিং-ও সেই সুযোগের দাবি রাখে। আমাদের ক্লাবও বাংলার গর্ব, একে বাঁচানো দরকার। যদিও আগে মোহনবাগান ও ইস্টবেঙ্গলের বিনিয়োগ সমস্যা মুখ্যমন্ত্রী কার্যকরী ভূমিকা নিয়েছিলেন। সেই উদাহরণকে সামনে রেখে মহামেডান সমর্থকরাও এখন তাঁর হস্তক্ষেপকেই শেষ ভরসা বলে মনে করছেন। এই প্রসঙ্গে এক সমর্থক বলেন, “ক্লাবের আর্থিক অবস্থা এখন এতটাই খারাপ যে, সরকার হস্তক্ষেপ না করলে সামনে হয়তো লিগ খেলাই কঠিন হয়ে যাবে। মুখ্যমন্ত্রীর আশ্বাস আমাদের নতুন করে সাহস জুগিয়েছে।” তাই সাদা-কালো শিবিরের এই টালমাটাল অবস্থায় এখন একমাত্র আশা মুখ্যমন্ত্রীর সিদ্ধান্ত।

বিশ্বকাপে অনিশ্চিত, খেলতে হবে বিজয় হাজারে! বিরাট-রোহিতির সামনে টার্গেট বেঁধে দিল বোর্ড

মুম্বই, ১০ আগস্ট: ইংল্যান্ড সিরিজে জায়গা না পাওয়া থেকে বিশ্বকাপের অনিশ্চয়তা-বিরাট কোহলি ও রোহিত শর্মার ভাগ্যাকাশ কতটা ঘুটঘুটে, তা ফের সামনে এল একটি রিপোর্টে। জানা যাচ্ছে, দুই মহাতারকাই নাকি অ্যান্ডারসন-তেন্ডুলকার ট্রফিতে নামতে উদগ্রীব ছিলেন। কিন্তু নির্বাচকরা স্টান জানিয়ে দেন, চূড়ান্ত বাছাই তালিকায় তাঁদের নাম থাকার সুযোগ কম। যে কারণে দুজনই বাধ্য হয়ে লাল বলের ক্রিকেটকে বিদায় জানান। সিদ্ধান্তটা বাকিদের কাছে অপ্রত্যাশিত হলেও এমনটাই হওয়ার ছিল বলে এক সর্বভারতীয় সংবাদমাধ্যমের একটি প্রতিবেদনে দাবি করা হয়েছে। টেস্টের অবসর-বিতর্ককে যদি আড়ালেও রাখি, তাহলেও দুই মহাবীরের দুর্ভাবনা কমার এতটুকু লক্ষণ নেই। টার্গেট যদি সাতাশের বিশ্বকাপ হয়, সেখানেও বিরাট কিংবা রোহিত-কারও জায়গা পাকা নয়-এই খবর ক’দিন আগেই সামনে এসেছিল। এবার এক্ষাপ এগিয়ে বিসিসিআইয়ের এক পদস্থ কর্তা জানিয়েছেন, নিজেদের কর্ম ও ফিল্ডিংয়ের পরীক্ষা দিতে দুজনকেই বিজয় হাজারে ট্রফিতে নামতে হবে। নয়তো দলে জায়গা মিলবে না। ওই টুর্নামেন্টের পারফরম্যান্স বিচার করে

তাঁদের রাখা হবে বলে প্রতিবেদকের দাবি। অর্থাৎ, বিষয়টা দাঁড়াল এই, বিরাট ও রোহিতির পক্ষে বিশ্বকাপের দলে জায়গা পাওয়া মোটেও সহজ হবে না। টি-টোয়েন্টি



ও টেস্ট না খেলার ফলে আন্তর্জাতিক ম্যাচের সুযোগ এমনটিতেই সীমিত। যে কারণে নির্বাচন কমিটি ও বোর্ডের শীর্ষকর্তাদের মনে সংশয় দানা বেঁধেছে। আর তাই বিশ্বকাপের

দৌড়ে থাকতে হলে দুই তারকাকে ডিসেম্বরে শুরু হওয়া বিজয় হাজারে ট্রফি-দেশের ঘরোয়া একদিনের প্রতিযোগিতায়-খেলতেই হবে। টুর্নামেন্টে ভাগ না নিলে দরজা

সালের বিশ্বকাপ পরিকল্পনায় নেই! সেখানে আরও দাবি করা হয়েছে, ইংল্যান্ড সফরে নামতে চেয়েছিলেন কোহলি ও রোহিত। কিন্তু নির্বাচকরা নাকি জানিয়ে দেন, তাঁদের জায়গাভারের সম্ভাবনা নেই। যে কারণে দুই তারকা নাকি টেস্ট ক্রিকেটকে আলবিদা জানানোর সিদ্ধান্ত নেন। অক্টোবরে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ভারতের পরবর্তী একদিনের সিরিজ। প্রতিবেদন মতে, সেই সিরিজই হয়তো কোহলি-রোহিতির আন্তর্জাতিক কেরিয়ারের শেষ অধ্যায় হয়ে দাঁড়াতে পারে। কারণ, এই বয়সে ঘরোয়া ক্রিকেটে দুজনের কারও ফেরার সম্ভাবনা কার্যত শূন্য। এই আবেহ ইংল্যান্ডে সদস্যমাণ্ট টেস্ট সিরিজে অধিনায়ক শুভমন গিলের সাফল্যও নির্বাচকদের আত্মবিশ্বাস দৃঢ় করেছে। ভবিষ্যতের সব ধরনের ফরম্যাটের অধিনায়ক হিসেবে তাকে অনেকেই দেখতে শুরু করেছেন। এ ছাড়া, দলে একবারিক তরুণ ক্রিকেটারদের লাগাতার ভাল পারফরম্যান্স রোহিত-বিরাটের শূন্যতা মুছে দিয়েছে বলে মনে করা হচ্ছে। ফলে নির্বাচকরা আগামী বিশ্বকাপের প্রকৃতিতে তাঁদের উপরই ভরসা রেখে খেতাবজয়ের রু-প্রিট ছকে ফেলতে চাইছেন। দুই মহাতারকা আপাতত সেই ছকে মোমান!

উত্তেজনার মুহূর্তে ‘ভুল শব্দ’! কি জানালেন সুরচির কোচ রঞ্জন ভট্টাচার্য?

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ আগস্ট: কলকাতা ফুটবল লিগের প্রিমিয়ার ডিভিশনকে ঘিরে বড় বিতর্কে জড়িয়ে পড়েছেন সুরচির সংঘের প্রধান কোচ রঞ্জন ভট্টাচার্য। রাজ্য ফুটবল সংস্থা আইএফএর বিরুদ্ধে চক্রান্ত করার অভিযোগ তুলে সংবাদমাধ্যমে সর্বব হওয়ায় বড় শাস্তির মুখে পড়তে হল তাঁকে। শেষ পর্যন্ত রবিবার (১০ আগস্ট) সাংবাদিক সম্মেলন করে নিঃশর্ত ক্ষমা চাইলেন এই অভিজ্ঞ কোচ। ঘটনার সূত্রপাত ৫ আগস্ট সুরচির সংঘ বনাম ক্যালকাটা কাস্টমস ম্যাচের পর। ম্যাচটি ২-২ গোলে শেষ হয়। খেলার পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে রঞ্জন ভট্টাচার্য ‘বিশ্বেসারক অভিযোগ করেন, আইএফএ সুরচির সংঘের বিরুদ্ধে চক্রান্ত করছে। আমরা যেখানে ৬টি ম্যাচ খেলেছি, অন্য দলগুলি ইতিমধ্যে সাতটি করে ম্যাচ খেলে ফেলেছে। এতে আমাদের গেম রিদম নষ্ট হচ্ছে। আইএফএ সচিব অনিবার্ণ দন্তকে চ্যালেঞ্জ করছি, কেন এই বৈষম্য? এই মন্তব্যের পরেই আইএফএর তরফ থেকে তীব্র প্রতিক্রিয়া আসে। সংস্থার মতে, কোচের এই ধরনের মন্তব্য অবমাননাকর এবং আইএফএর ভাবমূর্তি ক্ষুণ্ণকরী। এরপরই সুরচির সংঘ ক্লাবকে চিঠি পাঠিয়ে ৮ আগস্ট, বিকেল সাড়ে ৪টায় রঞ্জন ভট্টাচার্যকে সঙ্গে নিয়ে আইএফএর দফতরে হাজিরা দেওয়ার নির্দেশ দেওয়া হয়। সেখানেই জানানো হয়, সন্তোষজনক জবাব না মিললে কড়া শাস্তি অবধারিত। ৮ আগস্ট আইএফএর শৃঙ্খলা রক্ষা কমিটির বৈঠকে হাজির হন রঞ্জন ভট্টাচার্য। যদিও সেদিন তিনি

তাঁর মন্তব্যের জন্য দুঃখপ্রকাশ করেন, তবু আইএফএ পুরোপুরি সন্তুষ্ট হয়নি। কমিটির সিদ্ধান্ত অনুযায়ী, তাকে সংবাদমাধ্যমের সামনে আনুষ্ঠানিকভাবে নিঃশর্ত ক্ষমা চাইতে হবে এবং দুই ম্যাচের জন্য সাসপেন্ডও করা হয়। এই শাস্তি মেনে না নিলে পুরো মরসুমের জন্য তাঁকে নির্বাসিত করা হবে বলেও জানিয়ে দেয় নিয়ামক সংস্থা। এরই প্রেক্ষিতেই ১০ আগস্ট ক্রীড়া সাংবাদিক ক্লাবে সাংবাদিক সম্মেলনে আনুষ্ঠানিকভাবে ক্ষমা চান রঞ্জন ভট্টাচার্য। সেখানে তিনি বলেন, “সেদিন ম্যাচের পরে উত্তেজনার কারণে আমি আত্মনিয়ন্ত্রণ হারিয়ে ফেলেছিলাম। ‘চক্রান্ত’ শব্দটি ব্যবহার করা আমার উচিত হয়নি। আমি আইএফএর বিরুদ্ধে ইচ্ছাকৃতভাবে কিছু বলতে চাইনি। এটি সম্পূর্ণভাবে হিট অফ দ্য মোমেন্ট ছিল। আমি দুঃখিত এবং অনুতপ্ত। আমি খেলাধুলার নিয়ম ও শৃঙ্খলা মানি। ভবিষ্যতে এমন ভুল আর হবে না।” সঙ্গে তিনি যোগ করেন, “আমার কিছু কথা যেটা আমার ক্লাব মারফত যদি বলতাম, তাহলে যেটা নিয়মে মধ্যে পড়ত। সেই জায়গা থেকে আমার ভুলই হয়েছে।” সঙ্গে ছিলেন সুরচির সংঘের সচিব স্বরূপ বিশ্বাসও। তিনি বলেন, “ঘটনার পরপরই আইএফএর শোকজ নোটিস আমরা পেয়েছিলাম। সেই অনুযায়ী আইএফএ অফিসে হাজির হয়ে আমরা আমাদের অবস্থান স্পষ্ট করেছিলাম। কোচ রঞ্জন ভট্টাচার্য একজন সং এবং অভিজ্ঞ মানুষ। উত্তেজনার বশে ভুল কিছু মন্তব্য করেছেন। তাতে ক্লাব এবং কোচ দু’জনেই দুঃখপ্রকাশ করেছে।

২০ বছর পর! অনুর্ধ্ব ২০ মেয়েদের এশিয়ান কাপে ভারত

ইয়ালন, ১০ আগস্ট: ভারতীয় ফুটবলের খারাপ সময় কাটেনি। বিশেষ করে বলতে হয় পুরুষদের খেলার কথা। জাতীয় দলের পারফরম্যান্স দিনের পর দিন তলানিতে। ইন্ডিয়ান সুপার লিগ নিয়েও ধোঁয়াশা কাটেনি। সব খারাপের মাঝে কিছু কিছু বিষয় ফুটবল প্রেমীদের মুখে হাসি ফোটায়। ভারতের অনুর্ধ্ব ২০ মহিলা দলের সাফল্য তেমনই একটা বিষয়। দীর্ঘ ২০ বছর পর অনুর্ধ্ব ২০ এশিয়ান কাপের যোগ্যতা অর্জন করল ভারতীয় মহিলা ফুটবল দল। এশিয়ান কাপের যোগ্যতা অর্জনের জন্য ইয়ালনে এ দিন গ্রুপ ডি-র শেষ ম্যাচে আয়োজক মায়ানমারকে হারাতে হত। সেই কাজটাই করে দেখিয়েছে ভারত। মায়ানমারকে ১-০ ব্যবধানে হারিয়ে এশিয়ান কাপের যোগ্যতা অর্জন করে অনুর্ধ্ব ২০ ভারতীয় মহিলা ফুটবল দল। ম্যাচের একমাত্র গোলটি করেন পূজা। ম্যাচের ২৭ মিনিটে



দুর্দান্ত গোল করেন পূজা। ভারত-মায়ানমার এই ম্যাচকে মনে দুই অর্ধে ভাগ করা যায়। প্রথমার্ধ পুরোপুরি নিয়ন্ত্রণ করেছে ভারতীয় দল। বেশ কিছু সুযোগ তৈরি হয়েছে। তবে গোল হয়েছে একটাই। দ্বিতীয়ার্ধে ছিল মায়ানমারের দাপট। কাউন্টার অ্যাটাকে বারবার চেষ্টা করে তারা। যদিও ভারতের মজবুত ডিফেন্স তাদের যাবতীয় চেষ্টা আটকে দিয়েছে। দীর্ঘ ২০ বছর পর এশিয়ান কাপের যোগ্যতা অর্জন! ভারতীয় মহিলা ফুটবলের জন্য নিঃসন্দেহে ইতিবাচক দিক। ভারতীয় মেয়েরা শেষবার জুনিয়র মহিলা এশিয়ান কাপে খেলেছিল ২০০৬ সালে। প্রসঙ্গত, জুনিয়র ভারতীয় মহিলা দলের যাত্রা শুরু হয় ইন্দোনেশিয়ার বিপক্ষে গোলশূন্য ড্র দিয়ে। এরপর তুর্কমেনিস্তানকে বিরুদ্ধে ৭-০ ব্যবধানে উড়িয়ে দেয় তারা। সেই ম্যাচে অধিনায়ক শুভান্ধী সিং ও উইন্সার সুলঞ্জনা রাউল দু’টি করে গোল করেছিলেন। এছাড়াও শিবানী দেবী নংমৈকিপাম, থেইবিসানা চানু তেইজাম এবং পূজা একটি করে গোল পেয়েছিলেন।

ফুটবল ইকোসিস্টেম গড়ে তুলতে বাধা! রাজ্য সরকারের ভূমিকায় অসন্তোষ

দুরন্ত বার্তা প্রতিবেদন

কেরালা রাষ্ট্রার্স এফসি-র প্রধান নির্বাহী কর্মকর্তা (সিও) অভিক চট্টোপাধ্যায় সম্প্রতি রাজ্য সরকারের কাছ থেকে ফুটবল ইকোসিস্টেম গড়ে তুলতে প্রয়োজনীয় সমর্থনের অভাব নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন। ভারতীয় ফুটবলের উন্নয়নে সরকারি সহায়তার অভাব দীর্ঘদিন ধরে একটি জ্বলন্ত সমস্যা। ক্লাবগুলো যখন তাদের অর্থ ও শ্রম বিনিয়োগ করে ফুটবলের ভিত্তি মজবুত করার চেষ্টা করছে, তখন রাজ্য সরকারের উদাসীনতা তাদের পথে বড় বাধা হয়ে দাঁড়িয়েছে। সম্প্রতি ‘খেল নাউ টিভি’-র সঙ্গে এক সাক্ষাৎকারে অভিক চট্টোপাধ্যায় এই বিষয়ে খোলাখুলি কথা বলেছেন। কেরালা রাষ্ট্রার্স, যিনি কেরালার ফুটবলপ্রেমীদের কাছে একটি অবেগের নাম, তাদের সমাজের প্রতি দায়বদ্ধতা এবং তরুণ প্রজন্মের জন্য ফুটবলের পথ সুগম করার বিষয়ে বিশেষ গুরুত্ব দিয়েছেন। তিনি বলেন, “আমরা স্থানীয় শিশুদের জন্য একটি প্র্যাকটিক্যাল তৈরি করছি, যারা দেশের প্রতিনিধিত্ব করার স্বপ্ন দেখে। যেকোন শিশু তাদের রাজ্যের জন্য খেলতে চায়, আমরা তাদের জন্য একটি পথ তৈরি করে দিচ্ছি। ক্লাবটি শুধু ফুটবলের মাঠে প্রতিযোগিতা করছে না, বরং সমাজের উন্নয়নে এবং তরুণ প্রতিভাদের গড়ে তোলার ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।” ভারতীয় ফুটবলের কাটানো এখনও শৈশব পর্যায়ের রয়েছে। এই পরিস্থিতিতে ক্লাবগুলোর জন্য সরকারি সহায়তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ইন্ডিয়ান সুপার লিগ (আইএসএল) ক্লাবগুলো ইতিমধ্যেই

বিরাট অর্থ বিনিয়োগ করেছে, কিন্তু তারা এখনও লাভের মুখ দেখেনি। এখন যখন তারা তাদের গ্রাসকট প্রোগ্রামকে শক্তিশালী করার পরিকল্পনা করছে, তখন তারা রাজ্য সরকারের কাছ থেকে নিয়ম-কানূনের ক্ষেত্রে শিথিলতা এবং সহযোগিতা আশা করে। অভিক চট্টোপাধ্যায় বলেন, “আমরা বিমূঢ়ম্বে



স্টেডিয়াম চাই না। আমরা কিছু ভর্তুকি চাই। আমরা যদি কিছু সংঘয় করতে পারি, তবে তা আবার ফুটবলের উন্নয়নেই বিনিয়োগ করা হবে। কেরালা রাষ্ট্রার্স শুধুমাত্র খেলাধুলার ক্ষেত্রে নয়, সমাজে কর্মসংস্থানের সুযোগ তৈরি করতেও অবদান রাখছে। তরুণ প্রজন্ম, যারা ফুটবলকে ক্যারিয়ার হিসেবে বেছে নিতে চায়, তাদের জন্য ক্লাবটি একটি স্বপ্নের প্র্যাকটিক্যাল তৈরি করেছে। এই ধরনের উদ্যোগ শুধু ক্লাবের ভবিষ্যৎ স্থিতির জন্য নয়, বরং ভারতীয় ফুটবলের গ্লোবাল মঞ্চে উত্থানের জন্যও

গুরুত্বপূর্ণ। ভারতীয় ফুটবলের অন্যতম বড় সমস্যা হল অবকাঠামোর অভাব। বেশিরভাগ ক্লাবের নিজস্ব স্টেডিয়াম নেই, এবং তারা রাজ্য সরকারের উপর নির্ভর করে স্টেডিয়ামের জন্য। অভিক চট্টোপাধ্যায় জানান, একটি স্টেডিয়াম তৈরি করতে ২০০ কোটি টাকার বেশি বিনিয়োগ প্রয়োজন, যা আইএসএল



ক্লাবগুলোর জন্য এই মুহূর্তে অসম্ভব। তিনি বলেন, “আমরা এখনই নিজস্ব স্টেডিয়াম তৈরির দিকে তাকাচ্ছি না। আমরা একটি কার্যকরী পিচ বা অন্যান্য গুরুত্বপূর্ণ অবকাঠামো তৈরি করতে চাই, যা আমাদের স্বনির্ভরতার পথে এগিয়ে যাওয়ার জন্য প্রাথমিক পদক্ষেপ হতে পারে।” কিন্তু এই ধরনের অবকাঠামো তৈরিতে সরকারি সহায়তার অভাব ক্লাবগুলোর জন্য বড় হতাশার কারণ। রাজ্য সরকার যদি ভর্তুকি বা নিয়ম-কানূনের ক্ষেত্রে শিথিলতা প্রদান করত, তবে ক্লাবগুলো তাদের

বিনিয়োগ আরও ফলপ্রসূভাবে ব্যবহার করতে পারত। কেরালা রাষ্ট্রার্স কালুর স্টেডিয়ামে খেলে, যেটি তাদের নিজস্ব নয়। এই স্টেডিয়ামে খেলার জন্য ক্লাবকে আর্থিক ও লজিস্টিকাল সমস্যার মুখোমুখি হতে হয়। এ বছরের শুরুতে কোচি কর্পোরেশন ক্লাবকে ম্যাচের জন্য বিদ্যমান কর দাবি করে এটিশ জরি করেছিল। এই ধরনের আর্থিক চাপ ক্লাবের বাজেটের উপর অতিরিক্ত বোঝা চাপিয়ে দেয়। এছাড়া, স্টেডিয়ামের একচেটিয়া ব্যবস্থাপনার অধিকার ক্লাবের হাতে না থাকায় লজিস্টিকাল সমস্যাও দেখা দেয়। মার্চের টার্গেট ক্ষতি একটি পুনরাবৃত্তিমূলক সমস্যা, যা খেলার মানকে প্রভাবিত করে। এই সমস্ত বাধা ক্লাবের কার্যক্রমে মসৃণভাবে পরিচালনার পথে বড় প্রতিবন্ধকতা। কেরালা রাষ্ট্রার্সের মতো ক্লাব, যারা রাজ্যের বিশাল সমর্থন পায়, তাদের জন্য সমাজের প্রতি দায়বদ্ধতা পালন করা এবং তরুণ প্রতিভাদের জন্য একটি শক্তিশালী কাঠামো তৈরি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু এই লক্ষ্য অর্জনে সরকারি সহায়তা ছাড়া পথচলা কঠিন। অভিক চট্টোপাধ্যায়ের বক্তব্য স্পষ্ট-ক্লাবগুলো শুধু নিজেদের জন্য নয়, ভারতীয় ফুটবলের ভবিষ্যৎ গড়তে কাজ করছে। সরকার যদি এই যাত্রায় তাদের পাশে থাকে, তবে ভারতীয় ফুটবলের সম্ভাবনা আরও উজ্জ্বল হবে। ক্লাবগুলোর আশা, ভবিষ্যতে সরকার এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিয়ম-কানূনের জটিলতা ফটিয়ে এবং আর্থিক সহায়তা প্রদান করে ফুটবল ইকোসিস্টেমকে শক্তিশালী করতে এগিয়ে আসবে। এটি শুধু ক্লাবগুলোর জন্য নয়, সমগ্র দেশের ফুটবলপ্রেমীদের জন্যও একটি জয় হবে।

প্রকাশিত

সুচিকিৎসা

২৭ বর্ষ • নবম সংখ্যা • ১ আগস্ট ২০২৫

ক্যানসার ও চিকিৎসা

● প্লাস্টিক সার্জারি - পরিবেশের পরিধি
● ব্যথা মুক্ত হয়ে আনন্দে বাঁচুন
● বৃদ্ধিরে শান
● যত দূরিচ্ছা পান সেই ততকৃ থাকার ইঙ্গিত দেয়
● পেরিকেরাল আর্টারি ডিজিজ
● মিনিমাল ইনভেসিভ কার্ডিয়াক সার্জারি (MICS)
● অ্যাপ্রোপ্রিও ও রক্তের তারলা
● মানবদেহে কিডনির কাজ
● মূত্রথলির ক্যান্সার
● ক্যান্সার ও চিকিৎসা

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে পাশের কোডটি স্ক্যান করুন